

ইউজিসিতে প্রস্তাবিত হিট প্রকল্পের ওপর মতবিনিময় সভা

প্রকাশ: ০৫ ফেব্রুয়ারি ২০১৯, ১৬:১২

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক আয়োজিত 'হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট)' প্রকল্পের ওপর এক মতবিনিময় সভা আজ (০৫.০২.২০১৯) ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশিষ্ট শিক্ষাবিদ, সিনিয়র প্রফেসর, ইউজিসি ও বিশ্ব ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, গবেষণা, শিল্প এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা সভায় সভাপতিত্ব এবং অধিবেশন সঞ্চালন করেন। প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. মেসবাহ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ এক্রিডিটেশন কাউন্সিল, প্রফেসর ড. মোহাম্মদ তামিম, উপ-উপাচার্য, ব্র্যাক ইউনিভার্সিটি, প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবাল এবং ড. মোঃ মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশন্স অফিসার, বিশ্ব ব্যাংক অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

প্রধান অতিথির ভাষণে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন যে, গ্রাজুয়েটদের সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে আঞ্চলিক নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে দেশের উচ্চশিক্ষা ও গবেষণার উৎকর্ষ ও মান ত্বরান্বিত করার লক্ষ্যে বিশ্ব ব্যাংক প্রস্তাবিত হিট প্রকল্পটিতে অর্থায়ন করার উদ্যোগ নিয়েছে।

মতবিনিময় সভায় বক্তারা প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত যথোপযুক্ত শিক্ষা নিশ্চিতকরণ, উন্নত গবেষণা কর্মকা-পরিচালনা, ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবরেশন সেল প্রতিষ্ঠা, মাল্টি-ডিসিপ্লিনারি গবেষণা টিম গঠন, বিশ্ববিদ্যালয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, কারিকুলাম আধুনিকায়ন ও নারীদের জন্য গবেষণা সুবিধা প্রদান দেশের উচ্চশিক্ষার গতি ত্বরান্বিত করার জন্য জরুরি বলে অভিমত ব্যক্ত করেন।